

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১০, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
“রাজস্ব ভবন”  
সেগুনবাগিচা, ঢাকা।  
[মূল্য সংযোজন কর]  
প্রজ্ঞাপন

তারিখ, ২৩ জ্যৈষ্ঠ, ১৪০৯ বাৎ/৬ জুন, ২০০২ ইং

এস,আর,ও নং ১১১-আইন/২০০২/৩৩৮-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২০ বৈশাখ, ১৪০৬ বাৎ মোতাবেক ৩ মে, ১৯৯৯ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৯৪-আইন/৯৯/২০৯-মূসক নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

১। উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনুষেদ “৯” এর পরিবর্তে নিম্নরূপ অনুষেদ “৯” প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“৯। চা বাগানে উৎপাদিত এবং বিভিন্ন পণ্যাগার হইতে নিলাম ডাকের উদ্দেশ্যে সংগৃহীত সর্বোচ্চ ০.৬ (দশমিক ছয়) শতাংশ নমুনা চা-কে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হইল।”

২। এই অব্যাহতি ১ জুলাই, ১৯৯১ খ্রীঃ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ফখরুল আবেদীন

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৭৮৫)

মূল্য ঃ ১.০০